# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১০৬১২০১/৩০৬৬/ নথি নং- কুমিল্লা-৩২৩ তারিখঃ ১৫.১.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনীয়া দাখিল মাদ্রাসার সুপার মো: মহিউদ্দিন আল হেলালি (সাময়িক বরখাস্তকৃত) অত্র মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার ও সভাপতির বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেছেন। মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি বরখাস্তকৃত সুপারের মামলাটি নিস্পত্তি না হওয়া এবং বিষয়টি বোর্ডে শালিস কমিটিতে বিচারাধীন থাকা সত্ত্বেও উক্ত পদে পুনরায় সুপার নিয়োগেরে বিজ্ঞাপন প্রকাশ করেছেন, যাহা বিধি সম্মত নয় মর্মে তিনি (অভিযোগকারী) তার অভিযোগে উল্লেখ করেন।

এমতাবস্থায় সংশ্লিষ্ট অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গালকোট, কুমিল্লা-কে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৯ (নয়) ১২ (বার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

13.01.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার ,
নাঙ্গালকোট, কুমিল্লা ।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১০৬১২০১/৩০৬৬/ নথি নং- কুমিল্লা-৩২৩ তারিখঃ ১৫.১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাঙ্গালকোট, কুমিল্লা ।
৪. সভাপতি/ সুপার, চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনীয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- নাঙ্গালকোট , জেলা- কুমিল্লা ।
৫. মো:মহিউদ্দিন আল হেলালী, পিতা- মো: মনিরুজ্জামান, গ্রাম-পূর্ব চান্দপুর, ডাকঘর-পেরিয়া বাজার, উপজেলা-নাঙ্গালকোট , জেলা- কুমিল্লা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি

মো: মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

তারিখ ঃ ২/৪/০১৮
বরাবর
১। চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।
২। রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

**বিষয় ঃ সুপার পদ শূন্য না হওয়া স্বত্ত্বেও অবৈধভাবে নিয়োগ প্রক্রিয়া/কার্যক্রম বন্ধের জন্য বোর্ডের হস্তক্ষেপের আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক আবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ মহিউদ্দিন আলহেলালী, পিতা- মোঃ মরিনরুজ্জামান, (গ্রাম- চান্দপুর, ডাক- পেরিয়া বাজার, নাঙ্গল কোট, কুমিল্লা)। সুপার, চারিজানিয়া জামে য়াই ছালেহিয়া দ্বীনীয়া দাখিল মাদ্রাসা, নাঙ্গলকোর্ট, কুমিল্লা, (১/১/৯৭ খ্রীঃ নিয়োগ প্রাপ্ত হইয়া সুনামের সহিত মাদ্রাসা পরিচালনা করে আসছি)।

মাদ্রাসা প্রতিষ্ঠাতা মহোদয়ের ছেলে ও নাতি উক্ত মাদ্রাসায় চাকুরী নেওয়ার উদ্দেশ্যে বিভিন্ন কৌশল করেও বে-আইনী হস্তক্ষেপ এবং জোর পূর্বক রেজুলেশন ও নোটিশ খাতা কর্তৃপক্ষের মাধ্যমে আমার থেকে নিয়ে যায়। আমি তাদের অন্যায় ও অবৈধ হস্তক্ষেপ বিষয় গুলির বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এর বরাবর আবেদন করি। (কপি সংযুক্ত-১)

নির্বাহী অফিসারের নির্দেশে শিক্ষা অফিসার মহোদয় তদন্ত করে তাহার সত্যতা পেয়ে কর্তৃপক্ষকে রেজুলেশন ও নোটিশ বহি ফেরত দেওয়ার নির্দেশ করে। (তদন্তের কপি সংযুক্ত-২) কমিটি তাহা ফেরত না দিয়ে আমার বিরুদ্ধে ভূয়া ও অসত্য অভিযোগ আনয়ন করে। উক্ত বিষয়টি আমি মাদ্রাসা বোর্ডে ও আবেদন করি। (কপি সংযুক্ত-৩) মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ কে কারণ দর্শানো নোটিশ করে সন্তোষজনক জবাব না পেয়ে বোর্ড পরিচালনা কমিটি ভেঙ্গে দেয়। (কপি সংযুক্ত-৪)

প্রতিষ্ঠাতা পক্ষের লোক নিয়োগের উদ্দেশ্যে আমার বিরুদ্ধে অসত্য ও ভূয়া অভিযোগ এনে আমকে ২/৯/১৪ খ্রীঃ তারিখ সাময়িক বরখাস্ত করে এবং প্রদত্ত কারণ দর্শানো নোটিশের দফাওয়ারি জবাব প্রদান করি। (কপি সংযুক্ত-৫)

সাময়িক বরখাস্ত দেখাইয়া জোর পূর্বক মাদ্রাসা থেকে বের করে হাজিরা খাতায় স্বাক্ষর থেকে বিরত রাখে। স্থানীয় প্রশাসনিক ভাবে বিষয়টি সমাধান না করলে বিজ্ঞ আইনজীবির পরামর্শে কুমিল্লা আদালতে দেওয়ানী- ৪৬/১৪ নং মামলা করি। আদালতে মামলা থাকা অবস্থায় সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ে খোরপোষ বাবদ অর্ধেক ভাতা প্রদান করা থেকে বিরত রাখে এবং আমাকে অবহিত নোটিশ না দিয়ে চূড়ান্ত বরখাস্তের চেষ্টা চালায় এবং বরখাস্ত বিষয়ে বিধির তোয়াক্কা না করে মাদ্রাসা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন শাখায় আবেদন করে।

আদলতে মামলা থাকার কারণে গত ১৫/৫/২০১৬ তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন বোর্ড সভায় মামলা নিস্পত্তির পর আাদালতের সার্টিফাইড কপি ফি সহ বোর্ডে আবেদন দাখিল করার জন্য পুনরায় মাদ্রাসা কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। কপি সংযুক্ত-৬

উল্লেখ্য যে, মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার আমার মামলা খারিজের জন্য বিজ্ঞ আদালতে আবেদন করলে শুনানী অন্তে না মঞ্জুর করা হয়। (~~কপি সংযুক্ত-৬~~)

সংযুক্তি ২         ২-২

ভারপ্রাপ্ত সুপার জনাব সামছুদ্দিন হামিদী উক্ত না মঞ্জুর আদেশের বিরুদ্ধে পুনরায় বিজ্ঞ জজ আদালতের আপিল দায়ের করে। যাহা শুনানী অন্তে খারিজ করা হয়। সংযুক্তি-৭

ভারপ্রাপ্ত সুপার পুনরায় উপরোক্ত না মঞ্জুর আদেশের বিরুদ্ধে মহামান্য হাই কোর্ট বিভাগে সিভিলরিভিশন নং-২৯০০/২০১৭ দায়ের করেন এবং নিম্ন আদালতের কার্যক্রম ৬ মাসের জন্য স্থগিত আদেশ লাভ করেন।

উপরোক্ত ভাবে ভারপ্রাপ্ত সুপার কর্তৃক মামলা দায়ের করায় আমার মূল মামলা নং- ৪৬/১৪ নিষ্পত্তি দীর্ঘ সময় সাপেক্ষে মর্মে প্রতিয়মান হয়।

যেহেতু বোর্ড কর্তৃক ১৫/৫/২০১৬ তারিখ মামলা থাকায় বোর্ড আমার বিষয়টি নিষ্পত্তি করেন নাই। তাই দীর্ঘ সুত্রিতা পরিহার করিবার জন্য বিজ্ঞ নিম্ন দুই আদালতে আমার পক্ষে রায় হওয়া সত্ত্বেও আমার মূল মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত নেই। হাই কোর্ট বিভাগে আমার মামলা প্রত্যাহারের আবেদন মঞ্জুর করেন, তাং- ২২/২/২০১৮ যাহার রায়ের কপি এখনও পাওয়া যায় নি। সংযুক্তি-৮

মহোদয় আমার সুপার পদের চাকুরির বিষয়টি আপনার বোর্ডে শালিসী কমিটিতে বিচারাধীন আছে।

আমার বিরুদ্ধে আনিত অভিযোগের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক আমার অপসারণ বরখাস্ত অনুমোদিত হয় নাই। তা সত্ত্বেও আমর সাময়িক বরখাস্ত কালীন সময়ের জন্য মাদ্‌রাসা কর্তৃপক্ষ অবৈধভাবে আমার মাসিক খোরপোষ ভাতা বন্ধ করে রাখে।

আরও উল্লেখ্য যে, আমার বিরুদ্ধে আনিত অভিযোগের (যা সম্পূর্ণ ভিত্তিহীন) প্রেক্ষিতে অদ্য পর্যন্ত বোর্ড কর্তৃক অপসারন প্রস্তাব অনুমোদন না হওয়া সত্ত্বেও মাদ্‌রাসা কর্তৃপক্ষ সম্পূর্ণ বেআইনীভাবে ৩/৩/২০১৮ তারিখ "দৈনিক ভোরের কাগজ"-এ সুপার নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। (পত্রিকার কপি সংযুক্ত-৯) (মাদ্‌রাসা কর্তপক্ষ ভারপ্রাপ্ত সুপার মাওঃ সামছুদ্দিন হামিদী ও সভাপতি সহিদুল ইসলাম যোগ সাজশে নিয়োগ প্রক্রিয়া করে)

বর্ণিত অবস্থায় ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি কর্তৃক সুপার পদ শূন্য না হওয়া সত্ত্বেও **"দৈনিক ভোরের কাগজ"**-এ ৩/৩/২০১৮ তারিখের নিয়োগ প্রক্রিয়া বন্ধের জন্য মহোদয়ের আশু হস্তক্ষেপ প্রার্থনা করছি।

বিনীত নিবেদক

(মোঃ মহিউদ্দিন আল-হেলালী)
ইনডেক্স নং-৭০৪৫৫৩
সুপার
চারিজানিয়া জামে য়াই ছালেহিয়া দ্বীনীয়া দাখিল মাদ্‌রাসা
নাঙ্গলকোর্ট, কুমিল্লা।
মোবাইল নং- ০১৮৪৯৮৭২৭৭৫।

**প্রয়োজনীয় কার্যার্থে ও সদয় অবগিতর জন্য অনুলিপিঃ**

১। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
২। নির্বাহী অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা।
৩। উপজেলা শিক্ষা অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা।
৪। সভাপতি, চারিজানিয়া জামে য়াই ছালেহিয়া দ্বীনীয়া দাখিল মাদ্‌রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা।
৫। ভারপ্রাপ্ত সুপার, চারিজানিয়া জামে য়াই ছালেহিয়া দ্বীনীয়া দাখিল মাদ্‌রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা।

# চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্‌রাসা

ডাকঘরঃ বাঙ্গড্ডা বাজার, উপজেলাঃ নাঙ্গলকোট, জেলাঃ কুমিল্লা।
প্রতিষ্ঠাতাঃ হযরত মাওলানা শাহ মোহাম্মদ মোহেব্বুল্লাহ
(পীর ছাহেব, ছারছীনা শরীফ)
স্থাপিতঃ ১৯৯২ইং

সংযুক্ত — ২

স্মারক নং- ৮/১৫/০১৪

তারিখঃ ২০/৬/০১৪

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
নাঙ্গলকোট, কুমিল্লা।

বিষয়ঃ রেজুলেশন ও নোটিশ বই ফেরত পাওয়ার আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি অত্র প্রতিষ্ঠানের সুপার ও ম্যানেজিং কমিটির সদস্য সচিব হিসাবে বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড ম্যানেজিং কমিটির রেগুলেশন এর ৪৬ এর ১ বিধান মোতাবেক প্রতিষ্ঠানের যাবতীয় রেকর্ডপত্র সংরক্ষনের দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের। তাছাড়া নোটিশ ও রেজুলেশন সংরক্ষণ করা ও লিপিবদ্ধ করার দায়িত্ব সদস্য সচিবের। কার্যবিবরণী লিপিবদ্ধের পর সভাপতি ও সদস্য সচিব উভয়ে যৌথভাবে স্বাক্ষর করিবেন (ধারা ৩৭)। কিন্তু গত ২৩/০৬/২০১৪ইং তারিখে মাদ্‌রাসা বোর্ডের ও সরকারি নিয়মের বিপরীত রেজুলেশন ও নোটিশ বই পরিকল্পিত ভাবে জোর পূর্বক মাদ্‌রাসা সভাপতি নিয়ে যায়। বিধি অনুযায়ী আমি উহা ফেরত পাওয়ার আবেদন করছি। নচেত প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনায় অসুবিধা সৃষ্টি হবে।

অতএব, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে মর্জি কামনা করছি।

নিবেদক

তারিখঃ

৩০/৬/০১৪
(মহি উদ্দিন হেলালী)
সুপার
চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্‌রাসা
নাঙ্গলকোট, কুমিল্লা।

অনুলিপিঃ
১। রেজিষ্ট্রার বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা।

২-২

৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাঙ্গলকোট,কুমিল্লা।

সংযুক্ত ২

স্মারক নং-০৫.৫৫০.০৩৪.০০.০০.০০১.১৪ তারিখঃ /০৮/২০১৪খ্রিঃ

বিষয় ঃ মাদ্রাসার রেজুলেশন বই এবং নোটিশ বই সুপারকে ফেরত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এ উপজেলার চারিজানিয়া আনোয়ারই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসার রেজুলেশন বই এবং নোটিশ বই ফেরত প্রদান সংক্রান্ত ৩০/০৬/২০১৪ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে নির্দেশনা মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,নাঙ্গলকোট তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে,সংশ্লিষ্ট মাদ্রাসার সভাপতি মাদ্রাসার রেজুলেশন বই এবং নোটিশ বই সুপার থেকে নিয়ে তাঁর নিকট রেখেছেন। এতে প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা বিঘ্নিত হবে। এছাড়াও বিধি মতে রেজুলেশন বই এবং নোটিশ বই সুপারের হেফাজতে থাকার কথা।

২। বর্ণিত অবস্থায়,পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মাদ্রাসার রেজুলেশন বই এবং নোটিশ বই সুপারকে ফেরত প্রদান করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো। অন্যথায়,তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬/০৮/২০১৪
(মোহাম্মদ শহিদুল আরিফ)
উপজেলা নির্বাহী অফিসার
নাঙ্গলকোট,কুমিল্লা।
০৬/০৮/১৪

সভাপতি
চারিজানিয়া আনোয়ারই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা,
নাঙ্গলকোট,কুমিল্লা।

স্মারক নং-০৫.৫৫০.০৩৪.০০.০০.০০১.১৪ ৫৯৪/১(২) তারিখঃ /০৮/২০১৪খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। সুপার,চারিজানিয়া আনোয়ারই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা,নাঙ্গলকোট,কুমিল্লা।

০৬/০৮/১৪
উপজেলা নির্বাহী অফিসার
নাঙ্গলকোট,কুমিল্লা।
০৬/০৮/১৪

৬